গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৮/২০১৯-২০২০

ঢাকা, ৬ নভেম্বর বুধবার ২০১৯, ২১ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিমানবাহিনীকে বিশ্বমানের দক্ষতা অর্জন করতে হবে : রাষ্ট্রপতি

২। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সুরক্ষা প্রকল্প একনেকে অনুমোদন
নির্দিষ্ট সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্প শেষ করার নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। মানব কল্যাণে বীমা শিল্প ব্যবহার করুন : বীমা উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী

৪। কৃষক লীগের সম্মেলন আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৫। ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগের সম্মেলন আগামী ৩০ নভেম্বর করার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী

৬। ভোলাকে মূল ভূখণ্ডে যুক্ত করতে দেশের দীর্ঘতম সেতু হবে : সেতুমন্ত্রী

৭। আগামী মার্চে বঙ্গবন্ধু রেল সেতুর নির্মাণকাজ শুরু : সিরাজগঞ্জে রেলমন্ত্রী

৮। ড. হাছান মাহমুদ ও জাভাদেকরের বৈঠক
বাংলাদেশের বেসরকারি টিভি ভারতে সম্প্রচারে বাধা দূর করার আহ্বান

৯। স্থানীয় সরকার মন্ত্রীর সঙ্গে জাইকার প্রতিনিধিদলের সাক্ষাৎ :
গ্রামীণ অবকাঠামো খাতে জাপানী সহায়তা বৃদ্ধির আহ্বান

১০। বঙ্গবন্ধুর খুনী রাশেদ চৌধুরীর বিচারের নথি চেয়েছে যুক্তরাষ্ট্র : পররাষ্ট্রমন্ত্রী

১১। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ :
রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া  ত্বরান্বিত করতে থাইল্যান্ডের সক্রিয় ভূমিকা চায় বাংলাদেশ

১২। টেলিযোগাযোগমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংকের প্রতিনিধিদলের সাক্ষাৎ
বিশ্বব্যাংক ফাইভজি প্রযুক্তি বাস্তবায়নে অংশীদার হতে চায়

১৩। ১৯৭৫-৯০ পর্যন্ত রাজনৈতিক হত্যাকারীদের মুখোশ উন্মোচনের প্রস্তুতি চলছে : তথ্য প্রতিমন্ত্রী

১৪। সৌদি হজ নীতিমালার অংশীদার হতে পারে বাংলাদেশ : লন্ডনে ধর্ম প্রতিমন্ত্রী

১৫। প্রবাসীদের অনলাইনে ভোটার হওয়ার কার্যক্রম শুরু

১৬। আজ ফায়ার সার্ভিস সপ্তাহ শুরু

চলমান পাতা-২

১। **বিমানবাহিনীকে বিশ্বমানের দক্ষতা অর্জন করতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাংলাদেশ বিমানবাহিনীর (বিএএফ) মর্যাদা সমুন্নত রাখতে এ বাহিনীর সদস্যদের দক্ষ ও আদর্শবান হওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) ঢাকা সেনানিবাসের বঙ্গবন্ধু ঘাঁটিতে বিএএফের ১, ৩, ৫, ৮, ৯ ও ৭১ নম্বর স্কোয়াড্রনকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে ভাষণদানকালে বলেন, দেশের মর্যাদা সমুন্নত রাখতে বিমানবাহিনীর প্রত্যেক সদস্যকে বিশ্বমানের দক্ষতা অর্জন করতে হবে। সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিএএফের অর্জন নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য এ বাহিনীর সদস্যদের আধুনিক প্রশিক্ষণ গ্রহণ এবং কঠোর পরিশ্রম করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

২। **রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সুরক্ষা প্রকল্প একনেকে অনুমোদন**
**নির্দিষ্ট সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্প শেষ করার নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকা ব্যয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। চলতি বছর থেকে শুরু করে ২০২৩ সালের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। সম্পূর্ণ সরকারি খরচে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে ৪ হাজার ৪৪৭ কোটি ৭৬ লাখ টাকা ব্যয়ে ৬টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। সভা শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান প্রকল্পগুলোর বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। প্রকল্পগুলো বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশের বিষয়ে পরিকল্পনামন্ত্রী জানান, নির্দিষ্ট সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫) **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

৩। **মানব কল্যাণে বীমা শিল্প ব্যবহার করুন : বীমা উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী**

সামাজিক দায়বদ্ধতায় বীমা কোম্পানিগুলোকে আরও নজর দেওয়ার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানব কল্যাণে বীমা শিল্প ব্যবহার করতে হবে। তিনি বলেন, বীমা শিল্পে গ্রাহকদের আস্থার অভাব রয়েছে। কারণ তথ্যের অপ্রাপ্যতা বীমা গ্রাহকদের জন্য বড় সমস্যা। যতগুলো বীমা কিস্তি জমা দেওয়া হয়, সবগুলো কোম্পানির প্রধান কার্যালয়ে আদৌ জমা হয় কিনা, সে ব্যাপারে গ্রাহকরা অন্ধকারেই থেকে যায়। তাই প্রতারণা থেকে বীমা গ্রাহকদের রক্ষা করতে একটি ঐক্যবদ্ধ বার্তা দেওয়ার প্ল্যাটফর্ম চালু করতে হবে। প্রধানমন্ত্রী গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে বীমা সংক্রান্ত ১৫তম আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

৪। **কৃষক লীগের সম্মেলন আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বাংলাদেশ কৃষক লীগের দশম জাতীয় সম্মেলন আজ (৬ নভেম্বর বুধবার) বেলা ১১ টায় ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিত হবে। সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধন শেষে ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন মিলনায়তনে সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শুরু হবে। সেখানে কাউন্সিলরদের ভোটে কৃষক লীগের নতুন নেতৃত্ব নির্বাচন করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

৫। **ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগের সম্মেলন আগামী ৩০ নভেম্বর করার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৩০ নভেম্বর ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠানের নির্দেশ দিয়েছেন। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রীর এ নির্দেশনার কথা মহানগরের শীর্ষ নেতাদের জানিয়ে দেওয়া হয়েছে। ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানটি উদ্বোধন করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১)।

৬। **ভোলাকে মূল ভূখণ্ডে যুক্ত করতে দেশের দীর্ঘতম সেতু হবে : সেতুমন্ত্রী**

দ্বীপ জেলা ভোলাকে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করতে দেশের দীর্ঘতম সেতু নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে। বরিশাল থেকে ভোলা পর্যন্ত এ সেতুর দৈর্ঘ্য হবে প্রায় আট কিলোমিটার। এটি হবে বাংলাদেশের সবচেয়ে দীর্ঘ সেতু। ইতোমধ্যে সেতু নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ শেষ হয়েছে। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর বনানীতে সেতু ভবনে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব তথ্য জানান। তিনি আরো বলেন, সম্ভাব্যতা যাচাই শেষে ডিপিপি প্রণয়নের কাজ চলছে। অর্থায়নের বিষয়েও আলোচনা চলছে। চীন অর্থায়নে আগ্রহ প্রকাশ করেছে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৭)।

৭।  **আগামী মার্চে বঙ্গবন্ধু রেল সেতুর নির্মাণকাজ শুরু : সিরাজগঞ্জে রেলমন্ত্রী**

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী বছরের মার্চে বঙ্গবন্ধু রেল সেতুর আনুষ্ঠানিক নির্মাণকাজ শুরু হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) সিরাজগঞ্জ সদর উপজেলার সয়দাবাদ বঙ্গবন্ধু সেতু পশ্চিম রেলওয়ে স্টেশন পরিদর্শন শেষে তিনি এ কথা জানান। রেলমন্ত্রী বলেন, বর্তমান সরকার রেলওয়ের উন্নয়নের জন্য বহুমুখী অনেক প্রকল্প হাতে নিয়েছে। তার অন্যতম হলো বঙ্গবন্ধু সেতুর পাশে ৩০০ গজ উজানে ডুয়াল গেজ ব্রিজ নির্মাণ। এরই মধ্যে ব্রিজটির টেন্ডারিং প্রসেসসহ সব আনুষ্ঠানিকতা শেষ পর্যায়ে রয়েছে। প্রধানমন্ত্রীর দেয়া সময় অনুযায়ী আগামী বছর মার্চে আনুষ্ঠানিক নির্মাণকাজের তারিখ নির্ধারণ করা হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭) ।

৮।  **ড. হাছান মাহমুদ ও জাভাদেকরের বৈঠক**

**বাংলাদেশের বেসরকারি টিভি ভারতে সম্প্রচারে বাধা দূর করার আহ্বান**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ এবং ঢাকায় সফররত ভারতের তথ্য ও সম্প্রচারমন্ত্রী প্রকাশ জাভাদেকরের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে তথ্যমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময় বাংলাদেশের বেসরকারি টিভি ভারতের পশ্চিমবঙ্গসহ অন্যান্য স্থানে সম্প্রচারে বাধা দূর করার আহ্বান জানান ড. হাছান মাহমুদ। বৈঠক শেষে যৌথ সংবাদসম্মেলনে তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশি চ্যানেল সম্প্রচার ইস্যুটি বৈঠকে আলোচনা হয়েছে। ভারতের তথ্যমন্ত্রী বলেছেন, বাংলাদেশি টিভি চ্যানেল সম্প্রচারে বড় বাধা ভারতীয় কেবল অপারেটররা। তারা বাংলাদেশি টিভি চ্যানেল সম্প্রচারে উচ্চ ফি দাবি করছে। ভারতের তথ্যমন্ত্রী বিষয়টি দেখবেন বলে তাঁকে আশ্বাস দিয়েছেন। বৈঠকে ভারত-বাংলাদেশ যৌথ প্রযোজনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ওপরে নির্মিত দুটি ছবি নিয়ে আলোচনা হয়েছে। সংবাদসম্মেলনে উপস্থিত ছিলেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান, তথ্য সচিব আবদুল মালেক, ভারতের হাইকমিশনার রীভা গাঙ্গুলী দাশসহ দুদেশের উর্ধ্বতন কর্মকর্তারা। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৯।  **স্থানীয় সরকার মন্ত্রীর সঙ্গে জাইকার প্রতিনিধিদলের সাক্ষাৎ :**

**গ্রামীণ অবকাঠামো খাতে জাপানী সহায়তা বৃদ্ধির আহ্বান**

বাংলাদেশের গ্রামীণ অবকাঠামো খাতে জাপানী সহায়তা বৃদ্ধির আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে তাঁর অফিস কক্ষে জাপান আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (জাইকা) একটি প্রতিনিধি দলের সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

১০।  **বঙ্গবন্ধুর খুনী রাশেদ চৌধুরীর বিচারের নথি চেয়েছে যুক্তরাষ্ট্র : পররাষ্ট্রমন্ত্রী**

বঙ্গবন্ধু হত্যাকাণ্ডে মৃত্যুদণ্ড নিয়ে যুক্তরাষ্ট্রে পালিয়ে থাকা রাশেদ চৌধুরীর বিচারের নথিপত্র চেয়েছে দেশটির পররাষ্ট্র দফতর। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) ঢাকা সফররত যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের ভারপ্রাপ্ত এ্যাসিসট্যান্ট সেক্রেটারি এ্যালিস ওয়েলসের সঙ্গে বৈঠকের পর পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

১১।  **পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ :**

**রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া ত্বরান্বিত করতে থাইল্যান্ডের সক্রিয় ভূমিকা চায় বাংলাদেশ**

রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারের রাখাইন রাজ্যে প্রত্যাবাসনের প্রক্রিয়া ত্বরান্বিত করতে থাইল্যান্ডের সক্রিয় ভূমিকা চেয়েছে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয়ে গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন সঙ্গে বাংলাদেশে নবনিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত অরুণরুং ফোথং হ্যামফ্রেস সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

১২।  **টেলিযোগাযোগমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংকের প্রতিনিধিদলের সাক্ষাৎ**

**বিশ্বব্যাংক ফাইভজি প্রযুক্তি বাস্তবায়নে অংশীদার হতে চায়**

বিশ্বব্যাংক বাংলাদেশের টেলিযোগাযোগ খাতে আর্থিক ও কারিগরি সহায়তা দেয়ার আগ্রহ প্রকাশ করেছে। ২০২৩ সালের মধ্যে ফাইভ-জি প্রযুক্তি চালু করতে সরকারের পরিকল্পনা বাস্তবায়নে তারাও অংশীদার হতে চায়। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বারের সঙ্গে তাঁর দফতরে বিশ্বব্যাংকের ডিজিটাল ডেভেলপমেন্ট স্পেশালিস্ট সিও চিউ কুয়াকের নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে বিশ্বব্যাংক টেলিযোগাযোগ খাতকে বাংলাদেশের একটি সম্ভবনাময় খাত হিসেবে উল্লেখ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

১৩।  **১৯৭৫-৯০ পর্যন্ত রাজনৈতিক হত্যাকারীদের মুখোশ উন্মোচনের প্রস্তুতি চলছে : তথ্য প্রতিমন্ত্রী**

বিচার বিভাগীয় কমিশন গঠন করে ১৯৭৫ থেকে ১৯৯০ সাল পর্যন্ত বাংলাদেশের রাজনৈতিক হত্যাকারীদের মুখোশ উন্মোচন করার প্রস্তুতি নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে সম্প্রীতি বাংলাদেশ আয়োজিত এক আলোচনাসভায় তিনি একথা বলেন। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু হত্যার পর থেকে জিয়া, এরশাদের সামরিক শাসন পর্যন্ত দেশে যেসব হত্যাকাণ্ড ঘটেছে তার সঠিক ইতিহাস আজ দেশবাসী কাছে অজানা। পরবর্তী প্রজন্মের কাছে দায়বদ্ধতা থেকেই আমাদের এ সময়ের সঠিক ইতিহাস তুলে ধরতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **সমকাল** (পৃ.৭,ক.২)।

**১৪। সৌদি হজ নীতিমালার অংশীদার হতে পারে বাংলাদেশ : লন্ডনে ধর্ম প্রতিমন্ত্রী**

ধর্ম প্রতিমন্ত্রী এ্যাডভোকেট শেখ মো. আব্দুল্লাহ বলেছেন, হজ ব্যবস্থাপনার নতুন নিয়ম বা আইন করার আগে সর্বাধিক হজযাত্রী প্রেরণকারী দেশগুলোর সঙ্গে সৌদি সরকারের আলোচনা করা উচিত। এতে হজযাত্রীরা আরও বেশি উপকৃত হবেন। বাংলাদেশ বিশ্বের অন্যতম শীর্ষ হজযাত্রীর দেশ হিসেবে অবশ্যই সৌদি সরকারের হজ নীতিমালার অংশীদার হতে পারে। গত ৪ নভেম্বর সোমবার লন্ডনে অনুষ্ঠিত তিন দিনব্যাপী ওয়ার্ল্ড হজ অ্যান্ড ওমরাহ কনভেনশনের দ্বিতীয় দিনে ব্রিটিশ পার্লামেন্টের হাউস অব লর্ডসের স্ট্যান্ডিং কমিটির সভাকক্ষে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

**১৫। প্রবাসীদের অনলাইনে ভোটার হওয়ার কার্যক্রম শুরু**

অনলাইনে প্রবাসীদের ভোটার হওয়ার কার্যক্রম শুরু হয়েছে। প্রথম পর্যায়ে এ সুযোগ পাচ্ছেন মালয়েশিয়ার প্রবাসীরা। গতকাল (৫ নভেম্বর মঙ্গলবার) মালয়েশিয়ায় বাংলাদেশের দূতাবাসে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমেদ এবং বাংলাদেশ প্রান্তে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা ভিডিও সম্মেলনের মাধ্যমে এ কার্যক্রম উদ্বোধন করেন। এর মধ্য দিয়ে প্রবাসী বাংলাদেশিদের ভোটার হওয়ার সুযোগ তৈরি হলো। শীঘ্রই সৌদি আরব, দুবাই, মালদ্বীপ, সিঙ্গাপুর ও যুক্তরাজ্যে বসবাসকারীরাও সুযোগটি পাবেন বলে জানিয়েছে ইসি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

**১৬। আজ ফায়ার সার্ভিস সপ্তাহ শুরু**

'সচেতনতা, প্রস্তুতি ও প্রশিক্ষণ দুর্যোগ মোকাবিলার সর্বোত্তম উপায়' স্লোগান নিয়ে আজ (৬ নভেম্বর বুধবার) থেকে শুরু হচ্ছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০১৯। এ উপলক্ষে দেশব্যাপী চালু থাকা ৪১১টি ফায়ার স্টেশনে **১২** নভেম্বর পর্যন্ত নানা কর্মসূচি পালন করা হবে। ফায়ার সার্ভিস সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮) **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** এফএওর বৈশ্বিক ক্ষুধা ও পুষ্টি পরিস্থিতি প্রতিবেদন-২০১৯ এ বাংলাদেশে তীব্র ও মাঝারি ধরনের ক্ষুধায় থাকা মানুষের সংখ্যা কমার অগ্রগতি তুলে ধরে এ বিষয়ে সরকারকে আরো সদয় দৃষ্টি দেওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** বিবিএস সর্বশেষ সমীক্ষা অনুযায়ী দেশে প্রায় **১৩** লাখ শিশু ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত থাকার প্রেক্ষিতে শিশুশ্রম বন্ধে এ সংক্রান্ত আইন যথাযথভাবে প্রয়োগের সুপারিশ।

গ. **সমকাল :** মৌলভীবাজারের মাধবকুণ্ড জলপ্রপাতে মাছসহ বিভিন্ন জলজ প্রাণী মরে ভেসে উঠার বিষয় তুলে ধরে ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার আহ্বান।

ঘ. **যুগান্তর :** কেন্দ্রীয় ঔষধাগারে ২৬ কোটি টাকার দুর্নীতির বিষয়টি সুষ্ঠু তদন্তের মাধ্যমে অপরাধীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** নির্মাণকাজ ও ইটভাটার কারণে ঢাকার বায়ু দূষণ সূচক ২৫০ হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে জনস্বার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান।

চ. **নিউ এজ :** মাতৃমৃত্যুহার কমানোর ক্ষেত্রে বাংলাদেশের সাফল্য তুলে ধরে এ ধারাবাহিকতা ধরে রাখতে স্থানীয় স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সীমাবদ্ধতা ও ব্যর্থতা চিহ্নিত করে দ্রুত তা সমাধানের ব্যবস্থা করার প্রত্যাশা।

ছ. **ডেইলি সান :** আঙ্কটাড কর্তৃক প্রকাশিত তথ্যে বিশ্বব্যাপী জাহাজ-ভাঙ্গা ব্যবসায় বাংলাদেশের অবস্থান সর্বোচ্চ হওয়ায় এ ব্যবসায় জড়িত শ্রমিকদের কর্মক্ষেত্রে যথাযথ নিরাপত্তার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ নেশন , নিউ এজ :** প্রাথমিক বিদ্যালয়ে কিছু শিক্ষক ও মাঠ পর্যায়ের লোকজন চক্রান্ত করে প্রাথমিক বিদ্যালয়ে ভুয়া নাম অন্তর্ভুক্তি ও পিইসি পরীক্ষায় রেজিস্ট্রেশন সংখ্যা বাড়িয়ে অবৈধভাবে অর্থ হাতিয়ে নেওয়ার ঘটনা তুলে ধরে ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অভিভাবকদের সচেতনতা, বিশেষজ্ঞ চিকিৎসক, থেরাপিস্ট ও আন্তর্জাতিক পর্যায়ের উদ্যোগ দেশে অটিজম ম্যানেজমেন্টের দক্ষতা আরও বাড়াবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নারীর প্রতি সহিংসতা : কারণ ও প্রতিকার'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় সুশাসন ও আইনের শাসন প্রতিষ্ঠা ও সুস্থ সমাজ বিনির্মাণের মাধ্যমে নারীর প্রতি সহিংসতাসহ অন্যান্য অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণ ও হ্রাস করা সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/সেলিনাা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা